



তারিখ: ০১/০১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি (সময় বৃদ্ধি)

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নলিখিত কাজসমূহ সঠিকভাবে সম্পন্ন করতে বলা হচ্ছে।

আবেদনকারীর করণীয়:

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে অন-লাইনে আবেদন ফরম পূরণের সময়সীমা ০১/০১/২০২৬ থেকে ০১/০২/২০২৬ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত।
- ২। বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, গার্হস্থ্য অর্থনীতি, পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ এবং গণিত বিষয়সমূহের জন্য আবেদন করা যাবে।
- ৩। প্রিন্ট করা ভর্তি আবেদন ফরমটির নির্ধারিত স্থানে শিক্ষার্থীকে স্বাক্ষর করতে হবে।
- ৪। প্রিন্ট করা আবেদন ফরমটি কলেজে ০১/০১/২০২৬ তারিখ থেকে ০১/০২/২০২৬ তারিখের মধ্যে কলেজের কেন্দ্রীয় লাইব্রেরীতে সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টার মধ্যে জমা দিতে হবে।
- ৫। আবেদন ফরমের সঙ্গে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সম্মান পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও অনলাইনে ১০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা জমা দেওয়ার পেমেট প্রিপের প্রিন্ট কপি জমা দিতে হবে। এগুলো জমা না দিলে আবেদন বাতিল হবে। আবেদন ফরমের উপর নিজের মোবাইল নং লিখতে হবে।
- ৬। আবেদন ফি: ১০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা।
- ৭। ভর্তির ফলাফল ও অন্যান্য শর্তাবলী/তথ্যাবলী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-এর মাধ্যমে জানা যাবে।

৮। ফি জমাদানের নিয়মাবলি:

(ক) www.rgwcollege.edu.bd এই ওয়েব সাইটে প্রবেশ করে Admission এ ক্লিক করতে হবে।

(খ) এরপর Honours 1st Year Admission এ ক্লিক করতে হবে।


(গ) প্রদান করে Apply Now এ ক্লিক করে এখানে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত Admission Roll দিয়ে ফরম বের হবে।

নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থীর তথ্য ফরমপূরণ করে Save এ ক্লিক করতে হবে।

Payment Method-এ Pay Station Payment Gateway ক্লিক করে Verify অপশনে ক্লিক করতে হবে। Next-এ ক্লিক করতে হবে। Fee Collection Template হতে টাকার পরিমাণ সিলেক্ট করতে হবে। Student Basic Information পূরণপূর্বক Save-এ ক্লিক করে Submit করতে হবে। ফি'র পরিমাণ যাচাই করে নিজস্ব মোবাইল নম্বর Input দিয়ে Pay Now ক্লিক করতে হবে। Payment Merchant (বিকাশ/নগদ/রকেট/উপায়) এর মাধ্যমে Payment সম্পন্ন করে রশিদ সংগ্রহ করতে হবে।

বিঃ দ্রঃ

- (i) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক/স্নাতক (সম্মান) কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।
- (ii) কলেজে আবেদন ফরম ও সংশ্লিষ্ট কাগজপত্র জমা দেওয়ার ২ (দুই) দিনের মধ্যে Confirmation SMS না পেলে 01742-819081, 01754-557010, 01712-963886 নম্বরে যোগাযোগ করতে হবে। Confirmation SMS না গেলে আবেদন বাতিল হয়ে যাবে।


০১/০১/২০২৬
(মোঃ সারওয়ার জাহান)

(অধ্যাপক অর্থনীতি)

আইডি: ৪৩৬৮

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।


০১/০১/২০২৬

(মুহাম্মদ আনোয়ার হোসেন)

আহ্বায়ক

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।